

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ক্ষেতলাল, জয়পুরহাট  
<http://khetlal.jyopurhat.gov.bd>

নং- ০৫.৪৩.৩৮৬১.০০০.০৫.০০৮.১৯- ২৪৩

তারিখ: ০৯/০২/২০২১ খ্রি.

### অফিস আদেশ

আগামী ১৩/০২/২০২১ তারিখ হতে ২০১৯ সালের ডিগ্রী পাশ ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষা  
ক্ষেতলাল সরকারি ছাইদ আলতাফুমেছা ডিগ্রী কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

যেহেতু আমার নিকট প্রতীয়মান হয় যে, সুষ্ঠু শাস্তিপূর্ণ ও নকলমৃত্ত পরিবেশে পরীক্ষাসমূহ চলাকালীন  
গোলযোগ কিংবা বিশ্বংখলা সৃষ্টির আশংকা রয়েছে এবং আইন-শৃংখলা পরিস্থিতির অবনতি হতে পারে।

সেহেতু আমি এ, এফ, এম, আবু সুফিয়ান, উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট ফোজদারী  
কার্যবিহির ১৪৪ ধারায় অর্পিত ক্ষমতাবলে পরীক্ষা কেন্দ্রের ২০০ (দুইশত) গজ ব্যাসার্ধের মধ্যে পরীক্ষা শুরুর ০১(এক)  
ঘণ্টা পূর্ব হতে পরীক্ষা শেষ হবার ০১(এক) ঘণ্টা পর পর্যন্ত সকল প্রকার মাইকিং, সমাবেশ, মিটিং বা কোন প্রকার  
আগ্রহ্যান্ত্র বহন, পরীক্ষার সাথে সংশ্লিষ্ট নয়, এমন ব্যক্তি বা ব্যক্তিবর্গের প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করলাম। এছাড়া  
পরীক্ষা চলাকালীন কেন্দ্রের ০১(এক) কিলোমিটার এলাকার মধ্যে সকল প্রকার ফটোকপি মেশিন ও কম্পিউটার বস্তু  
রাখার জন্য বলা হলো।

এ আদেশ লঙ্ঘণকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(এ, এফ, এম, আবু সুফিয়ান)

উপজেলা নির্বাহী অফিসার

ক্ষেতলাল, জয়পুরহাট

ফোনঃ ০৫৭২৩-৫৬০০৮

email: [unokhetlal@mopa.gov.bd](mailto:unokhetlal@mopa.gov.bd)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

- ০১। জেলা প্রশাসক, জয়পুরহাট
- ০২। পুলিশ সুপার, জয়পুরহাট
- ০৩। অধ্যক্ষ, ছাইদ আলতাফুমেছা সরকারি কলেজ ও কেন্দ্র সচিব। আদেশ যথাযথভাবে জারীর প্রয়োজনীয় ব্যবস্থা  
গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৪। অফিসার-ইন-চার্জ, ক্ষেতলাল থানা। পরীক্ষার সময়সূচি অনুযায়ী কেন্দ্রে পর্যাপ্ত সংখ্যক পুলিশ ফোর্স  
নিয়োজিত রাখার জন্য অনুরোধ করা হলো।